

১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়  
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নং-৪৭.৬২.৮১৮২.১০০.১৬.০৯৪.১৩. ২৬১

তারিখঃ ২৬-০৮-২০২০ খ্রিঃ।

বিষয়ঃ সতর্ক করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী বিগত ২৩-০৮-২০২০খ্রিঃ তারিখে আপনার আওতাধীন চক পলাশী কেএসএস পরিদর্শন করি, সমিতিতে ঋণ বিতরণ করা হয় ১৬-০৯-২০১৮খ্রিঃ, পরিদর্শন কালে সমিতির ম্যানেজার এবং সদস্য'র নিকট জানতে পারি সমিতির ম্যানেজার নিজের সহ ০৩ জন সদস্যর টাকা গ্রহন করেছেন, যাহা কর্মসূচীর নীতিমালা বহির্ভূত। ঋণ বিতরণের পর পরবর্তীতে ০১(এক) মাসের মধ্যে যে আইজিএ বাস্তবায়নের জন্য ঋণ গ্রহন করেছে সদস্য কর্তৃক তাহা বাস্তবায়িত না হলে তিনি তাৎক্ষণিক গৃহিত টাকা ফেরৎ প্রদান করতে বাধ্য থাকবেন, বিষয়টি সংশ্লিষ্ট পরিদর্শক নিশ্চিত করতে হবে। কিন্তু অদ্যাবধি আপনি এতদ্বিষয়ে কোন ব্যবস্থা গ্রহন করেন নাই। যাহা দায়ীত্ব কর্তব্য অবহেলা এবং শৃংখলা পরিপন্থি।


০২। আপনার আওতাধীন কৃষ্ণপুর কেএসএস দীর্ঘ দিন ধরে খেলাপি, নিম্ন স্বাক্ষরকারী বারংবার উক্ত সমিতির বকেয়া টাকার ডিটেইল লিষ্ট তৈরী এবং আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হলেও আপনি নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী দায়ীত্ব কর্তব্য পালন করছেন না।

০৩। নিম্ন স্বাক্ষরকারী মনিটরিং এর মাধ্যমে আপনার আওতাধীন বীর মুক্তিযোদ্ধা কর্মসূচী দীর্ঘ দিনের খেলাপী ১০০% আদায় করার পর আপনার দায়ীত্ব কর্তব্য অবহেলার কারণে পুনরায় নতুন করে খেলাপী হচ্ছে যাহা কোন ভাবেই কাম্য নয়। যাহা ইউসিসিএলিঃ এর চাকরি প্রবিধানমালা/২০১৮ এর ধারা ১৯ অনুযায়ী শৃংখলা পরিপন্থি এবং দায়ীত্ব কর্তব্য পালনে অবহেলা সামিল।

এমতাবস্থায়, আপনাকে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত দায়ীত্ব কর্তব্য পালনে আরো দায়ীত্বশীল হওয়ার জন্য সতর্ক করা হলো।

প্রাপক

মোঃ আঃ হাই  
পরিদর্শক  
পুঠিয়া, রাজশাহী।

  
২৫/০৮/২০

মোঃ জিয়াউর রহমান  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

স্মারক নং-৪৭.৬২.৮১৮২.১০০.০০.০৬১.৮৭. ২৬১

তারিখঃ ২৬/০৮/২০২০খ্রিঃ।

সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

- ১) উপপরিচালক, বিআরডিবি, রাজশাহী।
- ২) সভাপতি, পুঠিয়া, ইউসিসিএ লিঃ, রাজশাহী।
- ৩) পরিদর্শক(সকল), পুঠিয়া ইউসিসিএ লিঃ, রাজশাহী।
- ৪) অফিস নথি।

  
২৫/০৮/২০

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার